

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2013

PART - II
বাংলা — সাম্মানিক
চতুর্থ পত্র

Duration : 4 Hours

Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। 'একাঙ্ক' নাটক বলতে কি বোঝায় ? একাঙ্ক নাটকের বৈশিষ্ট্য আলোচনা করুন। বাংলা সাহিত্যের যে-কোনো একটি উল্লেখযোগ্য একাঙ্ক নাটকের পরিচয় দিন।

8 + 6 + 10

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন। :

10 + 10

- | | | | |
|----|-----------------|----|--------------|
| ক) | কমেডি | খ) | পৌরাণিক নাটক |
| গ) | অ্যাবসার্ড নাটক | ঘ) | প্রহসন। |

- ২। ন্যাশনাল থিয়েটারের সূত্রপাত কীভাবে হয় ? এই থিয়েটারের প্রথম পর্বের অভিনয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করুন। বাংলা রংমংধের ইতিহাসে এই থিয়েটারের গুরুত্ব নিরূপণ করুন।

8 + 10 + 6

অথবা

যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করুন :

10 + 10

- | | |
|----|-----------------------------|
| ক) | বাগবাজার অ্যামেচার থিয়েটার |
| খ) | নাট্য নিয়ন্ত্রণ বিল |
| গ) | বেঙ্গলী থিয়েটার |
| ঘ) | বেলগাছিয়া নাট্যশালা। |

- ৩। "সমাজের সকল শ্রেণীর নারী চরিত্র অক্ষণেই মধুসূদন ছিলেন সমানভাবে দক্ষ এবং অক্ষণ।" 'একেই কি বলে সভ্যতা ?' প্রসহনটির স্ত্রী-চরিত্র আলোচনা প্রসঙ্গে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করুন।

10

অথবা

'একেই কি বলে সভ্যতা ?' — এই নামকরণের অন্তরালে রয়েছে প্রহসনকারের তীব্র সমাজ সচেতনতা বোধ প্রহসনটির নামকরণের সার্থকতা আলোচনা প্রসঙ্গে এই মন্তব্যের যথার্থতা বিচার করুন।

- ৪। “প্রহসনকার মধুসূদন দত্তের তীর সমাজ সচেতনতা বোধের এক অমলিন দৃষ্টি অভিব্যক্তি তাঁর ‘বুড় সালিকের ঘাড়ে
রোঁ’।” — আলোচনা করুন। ১০

অর্থবা

“‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনটিতে হাস্যরস ও শ্লেষের অপূর্ব রসায়ন প্রহসনকারের দক্ষতার পরিচায়ক।”
বিষয়বস্তু বিশ্লেষণ করে সমালোচকের এই বক্তব্যটি কতদুর গ্রহণযোগ্য তা বিচার করুন।

- ১০। ধনঞ্জয় চরিত্রটির নাট্যগুরুত্ব এবং চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্বের পরিচয় দিন। ১৫

অর্থবা

মুক্তধারা নাটকে সঙ্গীত প্রয়োগের নাট্যোপযোগিতা বিচার করুন।

- ৬। ‘চিনের তলোয়ার’ নাটকে ময়না চরিত্রটি নিয়ে একটি বিশ্লেষণাত্মক আলোচনা করুন। ১৫

অর্থবা

‘চিনের তলোয়ার’ নাটকের প্রতিপাদ্য বিষয়ের সঙ্গে এর নামকরণ কতদুর সঙ্গতিপূর্ণ হয়েছে তা বিচার করুন।

- ৭। “ওদের যতই মাতিয়ে তুলেছি ততই পাকিয়ে তোলা হয় নি আর কি।” — উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে এই উক্তি ?
উক্তিটির অর্থ বুঝিয়ে দিন। ১ + ১ + ৩

অর্থবা

“জলের বেগে আমার বাঁধ ভাঙে না, কানার জোরে আমার মন্ত্র টলে না।” — উক্তিটি কে, কোন্ প্রসঙ্গে করেছেন ?

উক্তিটির তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩

- ৮। “... আজকাল কত অভাগ স্ত্রী আমার মতন এইরপ যন্ত্রণা ভোগ করে তার সীমা নাই।”— বক্তা কে ? কোন্ প্রসঙ্গে
এই উক্তি ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩

অর্থবা

“কিন্তু আমরা বিদ্যাবলে সুপরিস্টিসনের শিকলি কেটে স্ত্রী হয়েছি।” — উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে এই উক্তি ?

উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৩